

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪১৮৫

পর্ব ২১: খাদ্য (ইৰু الأطعمة)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ

الْفَصلُ الْأُوَّلُ

আরবী

وَعَنْ عَبْدِ اللَّهِ بْنِ جَعْفَرٍ قَالَ: رَأَيْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَأْكُلُ الرُّطَبَ بِالْقِتَّاءِ

বাংলা

8১৮৫-[২৭] 'আবদুল্লাহ ইবনু জা'ফার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে কাঁকড়ির সাথে তাজা খেজুর খেতে দেখেছি। (বুখারী ও মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ: বুখারী ৫৪৪০, ৫৪৪৭, ৫৪৪৯; মুসান্নাফ ইবনু আবূ শায়বাহ্ ৩৪-(৪), আস্ সুনানুল কুবরা লিল বায়হাকী ১৪৮৬১।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (رَأَيْتُ رَسُولَ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَأْكُلُ الرُّطَبَ بِالْقِتَّاءِ) "['আবদুল্লাহ ইবনু জা'ফার] বলেনঃ আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম-কে শসা দিয়ে খেজুর খেতে দেখেছি"। ইমাম নাবাবী (রহিমাহুল্লাহ) বলেনঃ অত্র হাদীস প্রমাণ বহন করে যে, একই সাথে দু' ধরনের খাবার গ্রহণ করা বৈধ। এ সম্পর্কে 'আলিমদের মাঝে কোন মতভেদ নেই।

ইমাম কুরতুবী (রহিমাহুল্লাহ) বলেনঃ অত্র হাদীস থেকে এটাও বুঝা যায় যে, খাবার গ্রহণ করার ক্ষেত্রে তার গুণাবলীর দিকেও লক্ষ্য রাখা দরকার। কেননা খেজুরের মধ্যে রয়েছে তাপ আর শসার মধ্যে রয়েছে ঠাণ্ডা। এ দু' খাবার যখন একত্রে খাওয়া হয় তখন তা খাবারের মধ্যে ভারসাম্য সৃষ্টি করে ''যা স্বাস্থ্যের'' জন্য উপযোগী। (মিরক্লাতুল মাফাতীহ; 'আওনুল মা'বৃদ ৬ষ্ঠ খন্ড, হাঃ ৩৮৩১; শারহুন নাবাবী ১৩শ খন্ড, হাঃ ২০৪৩)



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু জা'ফার (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন